# তেরখাদা উপজেলা পরিষদের মে/২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শহীদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ৩১/০৫/২০২২ খ্রিঃ, বিকাল : সকাল ১০.৩০ ঘটিকা।
সভার স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন, তেরখাদা, খুলনা।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল ইসলাম, Zoom Video Conference এর মাধ্যমে সভায় যুক্ত খুলনা ৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয়কে শুভেচ্ছা জানান এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন ।

উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আসাদুজ্জামান মহোদয় সভার কার্যক্রম পরিচালনা করেন। তিনি Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য জনাব আব্দুস সালাম মূর্শেদী মহোদয় এবং সকল জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তাদের শুভেচ্ছা জানান। তিনি মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সরকারি বিভিন্ন দপ্তরের কার্যক্রম অবহিত করেন। নির্বাহী অফিসার মহোদয় বলেন, কাটেংগা বাজারে চিত্রা নদীর উপর বর্তমান যে ব্রীজ টি পুঃন নির্মানের জন্য ভাঙ্গা হচ্ছে তার বিকল্প রাস্তা এবং বেইলি ব্রীজটি সরু হওয়ায় দুইটি গাড়ি এবং মানুষ চলাচলে সমস্যা তৈরী হচ্ছে । তিনি আরও বলেন, বর্তমান ব্রীজটি ভাঙ্গলে ব্যবসায়ীদের পারাপারের জন্য ০১টি কাঠের পুল নির্মানের জন্য ব্যবসায়ীরা অনুরোধ জানিয়েছেন। তিনি তেরখাদা উপজেলার উন্নয়নে বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় দপ্তর ভিত্তিক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | সভা ও স্থায়ী কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে । কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, এ বিষয়ে একমত পোষন করে বলেন যে, প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ১) উপজেলা প্রকৌশলী সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে তেরখাদা উপজেলার উন্নয়নের চিত্র তুলে ধরেন। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় ই-টেন্ডার নোটিশ নং-০৫/২১-২২ এর আওতায় সকল প্রকল্প সমূহের কাজ চলমান রয়েছে এবং ৩০ জুন ২০২২ এর আগে উক্ত প্রকল্প সমূহের কাজ সমাপ্তকরে বিল দাখিলের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে অনুরোধ জানান।<br><br>মাননীয় সংসদ সদস্য মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ তেরখাদা উপজেলায় ০১টি উন্নয়ন পর্যবেক্ষণ কমিটি গঠনের জন্য নির্দেশনা প্রদান করেন। নিজেস্ব অর্থায়নে পদ্মাসেতু নির্মাণের জন্য এ সভার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে তেরখাদা উপজেলাবাসির পক্ষথেকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) এর আওতায় গৃহীত সকল প্রকল্প সমূহ প্রাক্কলণ মোতাবেক সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং তেরখাদা উপজেলায় ০১টি উন্নয়ন পর্যবেক্ষণ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা, উপজেলা নির্বাহী অফিসার তেরখাদা, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ২) উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়, সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করতঃ জানান উপজেলা পরিষদের অভ্যন্তরে পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের সামনে সৌন্দার্য্যবর্ধণ এবং ভবনের সামনের মাঠ টি সম্প্রসারণের জন্য মাঠের মাঝে অবস্থিত ০৪টি মেহগণী গাছ কর্তণ করা প্রয়োজন। তিনি বলেন, ইতোমধ্যে সামাজিক বন বিভাগের মাধ্যমে ০৪টি মেহগণী গাছের প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে। যার প্রাক্কলিত মূল্য ১,০৯,৬৫০/- (একলক্ষ নয় হাজার ছয়শত পঞ্চাস) টাকা। তিনি গাছ গুলি নিলামের মাধ্যমে বিক্রয় পূর্বক বিক্রয়লব্ধ অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | ২) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের সামনে সৌন্দার্য্যবর্ধণ এবং ভবনের সামনের মাঠ টি সম্প্রসারণের জন্য মাঠের মাঝে অবস্থিত ০৪টি মেহগণী গাছ নিলামে বিক্রয়ের জন্য 'জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির' সভার অনুমোদনের জন্য জেলা প্রশাসক খুলনা মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্থানীয় সরকার বিভাগের অনুমোদনক্রমে বিক্রয় লব্ধ অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার তেরখাদা, খুলনা ও উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা, |
| ০৩ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে বলেন, কোভিড-১৯ এর ২য় ডোজ এবং বুষ্টার ডোজ ভ্যাক্সিন টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি বলেন ১ম ডোজ এ পর্যন্ত লক্ষাধিক টিকা প্রদান করা হয়েছে। তিনি জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষন করতঃ হাসপাতালে এখন থেকে সিজার অপারেশন করা হবে মর্মে অবহিত করেন। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৪ | মৎস্য ও প্রাণি সম্পদ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে শুভেচ্ছা জানিয়ে বলেন ২০২১-২২ অর্থ বছরে রাজস্ব ও প্রকল্প বাজেটের আওতায় সকল প্রকার প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পূর্ণ হয়েছে। রাজস্ব বাজেটের আওতায় ২টি বিল নার্সারী ও ০৩টি মৎস্য অভয়াশ্রম স্থাপন করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারন প্রকল্পের আওতায় উপজেলার বিভিন্ন ইউনিয়নে মোট ০৬টি প্রদর্শনী খামার স্থাপন করা হয়েছে। জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় সর্বমোট ১০টি পুকুর ও খাল খনন করা হচ্ছে। উক্ত খালের মধ্যে ০১টি খালে ৪-৫ ফুট পানি থাকায় প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হচ্ছেনা এবং উক্ত খালের বরাদ্দকৃত অর্থ ফেরত পাঠানো হয়েছে। ০৯টি প্রকল্পের মধ্যে ০৪টি কাজ সমাপ্ত হয়েছে এবং অন্যান্য প্রকল্পসমূহের কাজ চলমান রয়েছে।<br><br>তিনি আরও জানান, ইলিশ সম্পদ উন্নয়নে ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় ১০জন গরিব ও দুঃস্থ জেলেদের মাঝে ১০টি বকনা বাছুর বিতরন করা হয়েছে। | সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫ | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় Zoom Video Conference এর মাধ্যমে যুক্ত মাননীয় সংসদ সদস্য মহোদয় ও উপস্থিত সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, তেরখাদা উপজেলার সরকারি নর্থ খুলনা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আবুহেনা মোহাম্মদ মনিরুল হক কলেজ ক্যাটাগরিতে জেলা পর্যায়ে খুলনা জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান নির্বাচিত হয়েছেন। তিনি এ সভার মাধ্যমে জনাব আবুহেনা মোহাম্মদ মনিরুল হক'কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপনের জন্য অনুরোধ জানান। | জেলা পর্যায়ে খুলনা জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান নির্বাচিত হওয়ায় তেরখাদা উপজেলার সরকারি নর্থ খুলনা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব আবুহেনা মোহাম্মদ মনিরুল হক'কে ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং সুষ্ঠভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, তেরখাদা খুলনা ও উপজেলা নির্বাহী অফিসার তেরখাদা, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, মার্চ-২২ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ২৬৫৭৬, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২০,৭৬৬, পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর)-৭৮.১৪%, গর্ভবতী-৭৮৯ জন, অগ্রহণকারী-৫৮১০। তিনি আরও বলেন, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে এবং স্বাস্থ্য শিক্ষা এবং কার্যক্রমের মাধ্যমে করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য জনসাধারণকে বিশেষভাবে উদ্বুদ্ধ করা যেতে পারে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৭ | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন, এপ্রিল-২২ মাস পর্যন্ত পিডিবিএফ তেরখাদা, খুলনা দপ্তরে মোট সমিতি ১১৩টি, মোট সদস্য সংখ্যা ৩৮২১জন, মোট ঋনী সদস্য ২৪০৫জন, মোট সঞ্চয় স্থিতি ৬৩২.০৭ লক্ষ, মোট ঋণ বিতরণ ৫৯৬.৬৪ লক্ষ টাকা, মোট ঋণ আদায় ৬৭৭.৩৫ লক্ষ টাকা। মাঠে পাওনা ঋণের পরিমান ৫৫৭.৪৭, মোট খেলাপী ১১৩.৪৪ লক্ষ্য টাকা। আদায়ের হার ৯৬%। তিনি বলেন খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসনিক সহায়তার প্রয়োজন। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা । |
| ০৮ | ইউজিডিপি | ইউডিএফ সভায় অবহিত করা হয় যে, গত ০৮.০৫.২০২২ তারিখের ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫ (৫)২০২১-৫৭৬৭ নং স্মারকে ৫ম পর্যায়ের তিনটি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়াছে। ইতিমধ্যে টেন্ডার আহ্বান প্রক্রিয়া আরম্ভ করা হয়েছে। এছাড়া ৫ম পর্যায়ের ৬টি দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষনের মধ্যে তিনটি প্রশিক্ষণ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। | নূন্যতম সময়ের মধ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে অবকাঠামো উন্নয়ন প্রকল্প তিনটি দ্রুততার সাথে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। ৫ম পর্যায়ের অবশিষ্ট ৩টি দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | উপজেলা প্রকৌশলী তেরখাদা, খুলনা। ইউডিএফ |
| ০৯ | উচ্চতর গ্রেড মঞ্জুর সম্পর্কিত আলোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান যে, উপজেলা পরিষদে কর্মরত সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটের জনাব মোঃ আবু হোজায়ফা ও গাড়ি চালক জনাব মোঃ হাবিবুর রহমান এর চাকুরীকাল গত ১৩/০৫/২০২২খ্রিঃ তারিখে সন্তোষজনকভাবে ১০(দশ) বছর পূর্ণ হওয়ায় পরবর্তী উচ্চতর গ্রেড যথাক্রমে ১৪তম গ্রেড হতে ১৩ তম গ্রেড ও ১৬তম গ্রেড হতে ১৫ তম গ্রেড প্রাপ্তির জন্য আবেদপত্র দাখিল করেছেন। তিনি দাখিলকৃত আবেদন দুইটি সভায় উপস্থাপন করেন এবং আবেদন দুইটি মঞ্জুর করতঃ স্থানীয় সরকার বিভাগে প্রেরনের সিদ্ধান্ত গ্রহনের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে কর্মরত সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটের জনাব মোঃ আবু হোজায়ফা ও গাড়ি চালক জনাব মোঃ হাবিবুর রহমান এর চাকুরী সন্তোষজনকভাবে ১০(দশ) বছর পূর্ণ হওয়ায় পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্তীর আবেদন দুটি সর্বসম্মতভাবে মঞ্জুর করা হয় এবং স্থানীয় সরকার বিভাগে প্রেরনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার, তেরখাদা, খুলনা। |

**বিবিধ আলোচনা ঃ**

**আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল) ঃ** উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় বলেন, এপ্রিল/২২ মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানো হয়েছে যা এ সভায় অনুমোদনের প্রয়োজন।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের মার্চ/২২ মাসের সম্মানী, বাড়ী ভাড়া ও ভ্রমন ভাতা প্রদান | ৫৫,০১১/- |
| ২। | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানরে মার্চ/২২ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৪৭৫/- |
| ৩। | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানরে মার্চ/২২ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৪৭৫/- |
| ৪। | উপজেলা পরিষদের মার্চ/২২ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |
| ৫। | উপজেলা পরিষদের মার্চ/২২ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ৬। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর মার্চ/২২ মাসের বেতন প্রদান | ১৩,০৫০/- |
| ৭। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর মার্চ/২২ মাসের বেতন প্রদান | ১৩,০৫০/- |
| ৮। | ১৪২৯ বঙ্গাব্দ সনে তেরখাদা উপজেলার হাট-বাজার ইজারা প্রদানের আনুষাঙ্গিক ব্যয় বিল | ১৫,৬৪০/- |
| ৯। | ১৪২৯ বঙ্গাব্দ সনে তেরখাদা উপজেলার হাট-বাজার ইজারা প্রদানের বিজ্ঞাপন ব্যয় বিল | ৩৬,০০০/- |
| ১০। | ১৪২৯ বঙ্গাব্দ সনে তেরখাদা উপজেলার হাট-বাজার ইজারা প্রদানের বিজ্ঞাপন ব্যয় বিল | ২০,০০০/- |

| | | |
|---|---|---|
| ১১। | উপজেলা পরিষদের জীপ গাড়ির মার্চ/২২ মাসের জ্বালানী ব্যয় বিল | ১৯,৬২৫/- |
| ১২। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের এপ্রিল/২২ মাসের সম্মানী, বাড়ী ভাড়া ও ভ্রমন ভাতা | ৫৪,৪৯৮/ |
| ১৩। | উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানরে এপ্রিল/২২ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৩০০/- |
| ১৪। | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানরে এপ্রিল/২২ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা প্রদান | ৩৩,৩০০/- |
| ১৫। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর এপ্রিল/২২ মাসের বেতন প্রদান | ১২,৬০০/- |
| ১৬। | উপজেলা পরিষদে দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর এপ্রিল/২২ মাসের বেতন প্রদান | ১২,৬০০/- |
| ১৭। | উপজেলা পরিষদের এপ্রিল/২২ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |

**সিদ্ধান্ত ঃ** উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় ।

**সভাপতির বক্তব্য ঃ** সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সকলকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। উপজেলার সকল উন্নয়ন মূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের এক সঙ্গে কাজ করার আহবান জানান। তিনি সকল দপ্তর প্রধানদের উপজেলা পরিষদ মাসিক সভায় নিয়মিত হাজির হওয়ার অনুরোধ জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

অতঃ পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
ও সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নম্বর- উনিঅ/তের/সভা/২০২২- ৩২৮ (৪০) তারিখঃ ৩১ মে ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা।
৪। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

৫। উপজেলা ............................................................অফিসার, তেরখাদা, খুলনা।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
৭। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
৮। অফিস নথি।

৩১/৫/২২
উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

সভার তারিখ- ৩১/০৫/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তেরখাদা, খুলনা। | |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১২. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৮. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৯. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২০. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২১. | ইন্সটেক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা। | |
| ২২. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৩. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ২৬. | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা। | |
| ২৮. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা। | |
| ২৯. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ৩০. | ইনচার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ৩১. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, তেরখাদা, খুলনা। | |

পরিশিষ্ট-খ

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
২. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৪. উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, তেরখাদা, খুলনা।
৫. উপজেলা সহকারী সেটেলমেন্ট অফিসার, তেরখাদা, খুলনা।
৬. সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন।
৭. ফরেস্টার, বন বিভাগ, তেরখাদা
৮. তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প।